গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা – ১২১৫।

নং- বিইআরসি/প্রশাসন (ট্যারিফ)/২৬৭/২০১০/ ৮৩৩২ তারিখ ঃ জুন ০১, ২০১০

গণ-বিজ্ঞপ্তি

বিষয় ঃ খসড়া প্রবিধানমালার উপর মতামত, পরামর্শ, আপত্তি, সংযোজন/সংশোধনের প্রস্তাব আহ্বান।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৫৯ নং ধারার ক্ষমতা বলে নিম্নোক্ত ৪ (চার) টি প্রবিধানমালার খসড়া বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে প্রণয়ন করেছে ঃ

(১) গ্যাস সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১০,
(২) গ্যাস বিতরণ ট্যারিফ প্রবিধানমালা, ২০১০,
(৩) বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১০,
(৪) বিদ্যুৎ বিতরণ ট্যারিফ প্রবিধানমালা, ২০১০।

২। উপরিউক্ত খসড়া প্রবিধানমালা কমিশনের ওয়েবসাইটে (www.berc.org.bd) দেওয়া আছে এবং প্রবিধানমালাসমুহের উপর কারো কোন মতামত, পরামর্শ, আপত্তি বা সংযোজন/বিয়োজন ও সংশোধনীর প্রস্তাব থাকলে তা আগামী ১৫/০৬/২০১০ তারিখের মধ্যে কমিশনের সচিবের বরাবরে লিখিতভাবে অথবা ই-মেইল ঠিকানা (berc2003@gmail.com) এ প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, উল্লিখিত সময়ের পর কোন প্রস্তাব বিবেচনা করা হবে না।

৩। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের থেকে মতামত পাওয়ার পর গ্যাস সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১০ এবং গ্যাস বিতরণ ট্যারিফ প্রবিধানমালা, ২০১০ এর উপর একটি গণ-শুনানী (Non Adjudicatory hearing for regulation) আগামী ২১ জুন, ২০১০ সকাল ১১:০০ ঘটিকায় কমিশনের শুনানী কক্ষে অনুষ্ঠিত হবে।

৪। বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা ২০১০ এবং বিদ্যুৎ বিতরণ প্রবিধানমালা, ২০১০ এর উপর ১ (এক) টি গণ-শুনানী (Non Adjudicatory hearing for regulation) আগামী ২২ জুন, ২০১০ সকাল ১১:০০ ঘটিকায় কমিশনের শুনানী কক্ষে অনুষ্ঠিত হবে।

৫। বর্ণিত খসড়া প্রবিধানমালার অনুলিপি কমিশনের কার্যালয় হতে ব্যক্তিগতভাবে কোন প্রকার ফি ছাড়াই সংগ্রহ করা যাবে। তাছাড়া কমিশনের ওয়েবসাইট (www.berc.org.bd) হতেও ডাউন-লোড করা যাবে।

৬। গণ-শুনানীতে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানসমুহকে তাদের নাম কমিশনে রেজিস্ট্রিভূক্ত করার আবেদন ১৭ জুন, ২০১০ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।

৭। এতদ্বিষয়ে কোন ব্যাখ্যা বা তথ্য জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০১/৬/১০

মোঃ জাকির হোসেন মজুমদার
পরিচালক (পেট্রোলিয়াম)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯১১ ১৫৩৬, ৯১৪ ০১২৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা- ১২১৫।

নং-বিইআরসি/সঃ ৭৩/ ৯৬৪০ তারিখ ঃ ০১ জুন, ২০১০

বিষয় ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বাংলায় অনুদিত খসড়া বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস সঞ্চালন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এর ওপর মতামত প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুসারে বিদ্যুৎ উৎপাদন, এনার্জি সঞ্চালন, এনার্জি বিপণন ও বিতরন, এনার্জি সরবরাহ এবং এনার্জি মজুতকরণ বিষয়ক কমিশনের কর্মকান্ডের অন্যতম কার্যক্রম হলো ট্যারিফ নির্ধারণ করা। উক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় ট্যারিফ বিষয়ক প্রবিধানমালা প্রনয়ণ অত্যাবশকীয়। উল্লিখিত উদ্দেশ্য পূরণকল্পে ইতোমধ্যে উপর্যুক্ত বিষয়ে কমিশন কর্তৃক ইংরেজীতে প্রণীত খসড়া প্রবিধানমালা ২ (দুই) টির ওপর গণ-শুনানী অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে প্রবিধানমালা ২ (দুই) টি বাংলায় অনুবাদ করা হয়েছে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বাংলায় অনুদিত খসড়া প্রবিধানমালা ২ (দুই) টির ওপর আপনার/আপনার প্রতিষ্ঠানের মূল্যবান মতামত প্রদানের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। আপনাদের সুচিন্তিত মতামত আগামী ১৫ই জুন, ২০১০ তারিখের মধ্যে অত্র কমিশনে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০১/৬/১০

মোঃ জাকির হোসেন মজুমদার
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৯১১ ১৭৯৫

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) ঃ

১। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), পেট্রোসেন্টার, ৩, কারওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন, ১/ডি, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৯। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা, ঢাকা।
১০। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।

চলমান পাতা-২

১১। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, বিটিএমসি ভবন, ২য় তলা, ৭-৯, কারওয়ান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।
১২। মহাপরিচালক, বিএসটিআই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮।
১৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই/১৬ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, সেক্টর-৮, প্লট-৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
১৫। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ, বিরাশার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ, রেড ক্রিসেন্ট - বোরাক টাওয়ার, ৭১-৭২, পুরাতন এলিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস টি অ্যান্ড ডি কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিঃ, চাঁপাপুর, কুমিল্লা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ড লিঃ, পানিছড়া, সিলেট- ৩১৫২।
২১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোং লিঃ (বাপেক্স), শাহজালাল টাওয়ার, ৮০/এ-বি, সিদ্বেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৭।
২২। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি কোং লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, আরপিজিসিএল ভবন, নিউ এয়ারপোর্ট রোড, প্লট নং-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
২৫। ড. এম নুরুল ইসলাম, প্রফেসর, ইন্সটিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী, বুয়েট, ঢাকা।
২৬। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এমসিসিআই), চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা।
২৭। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআইসি)), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
২৮। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ (বিসিআই), বিসিআইসি বিল্ডিং (৪র্থ তলা), ৩০-৩১, দিলকুশা বা/এ, জিপিও বক্স নং ৩৯৮৮, ঢাকা।
২৯। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (ডিসিসিআই), চেম্বার বিল্ডিং, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩০। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (সিসিসিআই), চেম্বার বিল্ডিং, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৩১। সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (আইসিসিবি), সুবাস্তু টাওয়ার (৭ম তলা), ৬৯/১, পান্থপথ, ঢাকা-১২০৫।
৩২। প্রেসিডেন্ট, কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), বাড়ী নং-৮/৬, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
৩৩। সভাপতি, কনজ্যুমার ট্রাস্ট, বাড়ী # ১০, রোড # ৭৯, গুলশান, ঢাকা-১২১২।
৩৪। সভাপতি, বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কন্‌ভারশন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার (১২ তলা), ১৫/৫ বিজয়নগর, ঢাকা-১০০০।
৩৫। কমিশন ওয়েব-সাইট www.berc.org.bd।